



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.১৫.২৩-১২২০ ২/৬

তারিখ : ০৬/০৭/২০২৩খ্রি.


বিষয় : ডেঙ্গু বিস্তার রোধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি ঢাকা মহানগর ও দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গু রোগের প্রকোপ দেখা দিয়েছে। বহু মানুষ এতে আক্রান্ত হয়েছেন এবং হচ্ছেন। বিশেষজ্ঞদের ধারণা, সতর্কতা অবলম্বন করলে এ রোগ হতে নিস্তার পাওয়া সম্ভব। ডেঙ্গু এডিস মশা বাহিত একটি রোগ। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের খেলার মাঠ এবং ভবনসমূহের মাঝে পানি জমে থাকে এমন জায়গা, ফুলের টবে জমে থাকা পানি এডিস মশার উপযুক্ত প্রজনন কেন্দ্র। ডেঙ্গু বিস্তার রোধে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান পবিত্র ঈদ-উল-আযহার ছুটি পরবর্তী খেলার পর নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

১. খেলার মাঠ ও ভবনসমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
২. মাঠ কিংবা ভবনে জমে থাকা পানি দ্রুত সরিয়ে ফেলতে হবে;
৩. শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সৌন্দর্য বর্ধনের জন্য যেসকল ফুলের টব রাখা হয়েছে, সেগুলো নিয়মিত পরিষ্কার রাখতে হবে;
৪. এছাড়া, এডিস মশার প্রজননস্থলে যাতে পানি জমতে না পারে তা নিশ্চিত করতে হবে;
৫. সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/শিক্ষকগণ কর্তৃক ডেঙ্গু প্রতিরোধের উপায়সমূহ প্রত্যহ শিক্ষার্থীদেরকে অবহিত করতে হবে।

  
০২/০৭/২৩

(বিপুল চন্দ্র বিশ্বাস)

  
উপপরিচালক (সাধারণ প্রশাসন)  
ফোন: ০২৪১০৫১২৭৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল/এইচ.এস.টি.টি.আই (সকল));
- ০২। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)/সরকারি টি.টি কলেজ (সকল);
- ০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ০৪। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ০৫। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
- ০৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৩। পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (তাকে পত্রে বর্ণিত বিষয়ে অধিদপ্তরের আওতাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়মিত মনিটরিং ব্যবস্থার আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ০৫। সংরক্ষণ নথি।